যুগান্তর

তারিখ : 19 NOV 2017
পৃষ্ঠা : ৩ কলাম : ২

# প্রাথমিক সমাপনী পরীক্ষা আজ শুরু

যুগান্তর রিপোর্ট

প্রাথমিক ও ইবতেদায়ি শিক্ষা সমাপনী পরীক্ষা শুরু হচ্ছে আজ। বেলা ১১টায় উভয় স্তরে ইংরেজি বিষয়ের মাধ্যমে ছোটদের এ বড় পরীক্ষা শুরু হবে। পরীক্ষাকেন্দ্রিক সার্বিক প্রস্তুতি এরই মধ্যে সম্পন্ন হয়েছে বলে জানিয়েছেন প্রাথমিক শিক্ষা অধিদফতরের (ডিপিই) মহাপরিচালক ড. আবু হেনা মোস্তফা কামাল। তিনি বলেন, পরীক্ষা সুষ্ঠু, দেখাদেখি ও দুর্নীতিমুক্ত করতে বেশ কিছু পদক্ষেপ নেয়া হয়েছে। এরমধ্যে আছে, পরীক্ষার হলে কোনো শিক্ষক মোবাইল ফোন নিয়ে যেতে পারবেন না। এক উপজেলার উত্তরপত্র জেলার মাধ্যমে আরেক উপজেলায় বন্টন করা হবে। এবার প্রথমবারের মতো টেবুলেশন কার্যক্রমও যেই উপজেলা খাতা দেখবে সেখানে করার নিয়ম জারি করা হবে। প্রাথমিক ও গণশিক্ষামন্ত্রী মোস্তাফিজুর রহমান বলেছেন, পরীক্ষা সুষ্ঠু, স্বচ্ছ ও শান্তিপূর্ণভাবে অনুষ্ঠানের সব ব্যবস্থা নেয়া হয়েছে।

এবার পরীক্ষায় ৩০ লাখ ৯৬ হাজার ৭৬ ছাত্রছাত্রী অংশ নিচ্ছে। এদের মধ্যে প্রাথমিকে পরীক্ষার্থী ২৮ লাখ ৪ হাজার ৫০৯ ও ইবতেদায়িতে ২ লাখ ৯১ হাজার ৫৬৬ জন। উভয় পরীক্ষায় গত

■ পৃষ্ঠা ৭ : কলাম ৪

## প্রাথমিক সমাপনী পরীক্ষা আজ

(৩য় পৃষ্ঠার পর)

**পরীক্ষার্থী ৩১ লাখ ছাত্রী বেশি**

**এবার কমেছে ১ লাখ ৩৬ হাজার**

**দুর্নীতি বন্ধে এক উপজেলার ফল তৈরি করবে আরেক উপজেলা**

বছরের তুলনায় এবার ১ লাখ ৩৬ হাজার পরীক্ষার্থী কমেছে। প্রাথমিকে মোট পরীক্ষার্থীর ১২ লাখ ৯৯ হাজার ৯৮৫ জন ছাত্র এবং ১৫ লাখ ৪ হাজার ৫২৪ জন ছাত্রী। গত বছরের তুলনায় ১ লাখ ২৬ হাজার ৬৪ জন শিক্ষার্থী কমে গেছে। অপরদিকে ইবতেদায়িতে ছাত্র ১ লাখ ৫৩ হাজার ১৫২ ও ছাত্রী ১ লাখ ৩৮ হাজার ৪১৪ জন। ইবতেদায়িতে কমেছে ৮ হাজার ১৪৯ জন। সারা দেশে মোট ৭ হাজার ২৭৯ কেন্দ্রে একযোগে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে। এছাড়া দেশের বাইরে ১২টি কেন্দ্রে এ পরীক্ষা অনুষ্ঠিত হবে।

**পরীক্ষার রুটিন :** সময় আড়াই ঘণ্টা। বেলা ১১টা থেকে দুপুর দেড়টা পর্যন্ত পরীক্ষা নেয়া হবে। তবে বিশেষ চাহিদাসম্পন্ন পরীক্ষার্থীরা অতিরিক্ত ২০ মিনিট সময় পাবে। মোট ৬টি বিষয়ের প্রতিটিতে ১০০ করে মোট ৬০০ নম্বরের পরীক্ষা অনুষ্ঠিত হবে।

আজ প্রাথমিক ও ইবতেদায়ি উভয় স্তরে ইংরেজি পরীক্ষা। কাল প্রাথমিকে বাংলা, ২১ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয়, ২২ নভেম্বর প্রাথমিক বিজ্ঞান, ২৩ নভেম্বর ধর্ম ও নৈতিক শিক্ষা এবং ২৬ নভেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে। অপরদিকে ইবতেদায়িতে কাল বাংলা, ২১ নভেম্বর বাংলাদেশ ও বিশ্বপরিচয় এবং বিজ্ঞান, ২২ নভেম্বর আরবি, ২৩ নভেম্বর কোরআন মাজিদ ও তাজবিদ এবং ২৬ নভেম্বর গণিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।